

# আলুর নাবি ধ্বসা নিয়ন্ত্রণে কয়েকটি জরুরি পরামর্শ

পরিবর্তনশীল আবহাওয়ার প্রেক্ষাপটে বিভিন্ন ফসলের কিছু কিছু রোগ পোকার উপদ্রব ক্রমশই বেড়ে চলেছে। আলু চাষের ক্ষেত্রে চাষীরা ২০০৬-০৭ এর মরশুমে নাবি ধ্বসা জনিত বিপর্যয়ের সম্মুখীন হয়েছিলেন। এই সময়ের কথা মনে রেখে ২০০৮-০৯ মরসুমের আলু চাষকে সুরক্ষিত করতে ও সর্বনাশা নাবি ধ্বসার হতে থেকে চাষী ভাইদের বাঁচানোর জন্য নিম্নলিখিত কয়েকটি পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেওয়া হচ্ছে:

নাবি ধ্বসার লক্ষণ গুলি চিনুন:



কাণ্ডে সংক্রমণ



পাতায় সংক্রমণ



মাঠের সব গাছ নষ্ট হয়ে গেছে

১. যে সমস্ত অঞ্চলে এখনও নাবি ধ্বসা দেখা যায় নি:

■ করণীয়:

প্রথম কানি মাটি তুলবার আগে, আলু গাছে নিম্নলিখিত যেকোন একটি ছত্রাকনাশক স্প্রে করতে হবে:

কপার অক্সিক্লোরাইড ৫০ WP ৪ গ্রাম প্রতি লিটার জলে; কপার হাইড্রক্সাইড ২.৫ গ্রাম প্রতি লিটার জলে; ক্লোরোথ্যালোনিল ২ গ্রাম / লিটার জলে; ম্যানকোজেব ৭৫ WP ২.৫ গ্রাম প্রতি লিটার জলে।

২. যে সমস্ত অঞ্চলে আলুর ডাঁটা ও পাতায় নাবি ধ্বসা দেখা গিয়েছে:

■ করণীয়:

সেই সমস্ত অঞ্চলে চাষীভাইরা পর্যায়ক্রমে ৭-১০ দিন অন্তর নিম্নলিখিত ছত্রাক নাশক ঘুরিয়ে ফিরিয়ে ব্যবহার করবেন:

ডাইমিথোমর্ফ ৫০ WP (১ গ্রাম) + ম্যানকোজেব ৭৫ WP (২ গ্রাম) প্রতিলিটার জলে অথবা সাইমক্সানিল ৮% এবং ম্যানকোজেব ৬৪% (WP) (২.৫ গ্রাম / লিটার), অথবা মেটাল্যাক্সিল ৮% + ম্যানকোজেব ৬৪% (২.৫ গ্রাম / লিটার) হিসাবে প্রয়োগ করতে হবে।

► সতর্কতা

■ এই পরিস্থিতিতে কি করবেন / কি করবেন না

● ভেলির মাঝের নালা ১/৩ অংশের বেশী ডুবিয়ে সেচ দেবেন না বা এমন ভাবে সেচ দেবেন যাতে ২-৩ ঘণ্টার বেশী নালায় জল জমে না থাকে।

● সেচ দেওয়ার কাজ দুপুর ১২টার - ১টার মধ্যে সম্পন্ন করবেন।

● যে সব অঞ্চলে ধ্বসার আক্রমণ বেশী, সেই সমস্ত অঞ্চলে সেচ ও চাপান দেওয়ার কাজ কয়েকদিন বন্ধ রাখুন। দিন কয়েক আকাশ পরিষ্কার থাকলে এবং কুয়াশা কম বা না থাকলে সেচ দেবেন।

● আলুর ভেলি মাটি থেকে ন্যূনতম ৪-৫ ইঞ্চি উঁচু পর্যন্ত বাঁধুন।

● গাছের বৃদ্ধি অনুযায়ী বিঘা প্রতি স্প্রের জলের মাত্রা ৯০ - ১০০ লিটার হবে এবং স্প্রে নজলের মুখ এমন ভাবে রাখতে হবে যাতে পাতার উপর ও নীচ সমান ভাবে ভেজে।

● পূর্বে উল্লিখিত ছত্রাক নাশক ও যুগ্ম সঠিক মাত্রায় আঠাজাতীয় মিশ্রণ সহ পর্যায়ক্রমে ১০ দিন অন্তর স্প্রে করতে হবে।

● আলু তোলবার দু-সপ্তাহ আগে গাছের কাণ্ড সহ উপরের অংশ কেটে ফেলুন এবং তাড়াতাড়ি একটি ছত্রাক নাশক স্প্রে করুন।

অ্যাসোসিয়েশন ফর অ্যাডভান্সমেন্ট ইন প্লান্ট প্রটেকশন (এ এপিপি) বিসি কেভি, কল্যাণী, নদীয়া এর পক্ষে ড. শান্তনু বা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।

জরুরী পরামর্শের জন্য যোগাযোগ করুন: উদ্ভিদ স্বাস্থ্য কেন্দ্র, বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, কল্যাণীতে।

যোগাযোগের ফোন: ড. সুরত দত্ত: ৯৮৮৩৩৬০৪৯০ অফিস: ০৩৩ ২৫৮০ ৮৫১১ এক্সটেনশন - ৪৭